অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/27/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক স্টেট জুড়ে পানির গুণগত মান রক্ষা করার খাতে গভর্নর কুওমো 16.8 মিলিয়ন ডলারের ঘোষণা করেছেন

54টি কৃষি কাজে পানির গুণগত মান সংরক্ষণ প্রকল্প (Agricultural Water Quality Conservation Projects) -এর জন্য 27টি কাউন্টি মৃত্তিকা এবং পানি সংরক্ষণ (সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন) কাউন্টিতে অনুদান প্রদান করা হয়েছে।

2018-2019 সালের এক্সিকিউটিভ বাজেটে স্টেট জুড়ে খামারের উপরে প্রকল্পগুলিতে সহায়তা, পরিচ্ছন্ন পানির উদ্যোগের অনুদানের খসড়া করা হয়েছিল

গভর্নর অ্যানড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, স্টেট জুড়ে 54টি কৃষি কাজে পানির গুণগত মান সংরক্ষণ প্রকল্পের জন্য 16.8 মিলিয়ন ডলার মঞ্জুর করা হয়েছে। এই অনুদান, যা 131টি খামারের সুবিধার্থে করা হচ্ছে, তা নিউ ইয়র্কের পানিপথগুলির দূষণ ঠেকাতে প্রকল্পগুলির দ্বারা কৃষকদের সাহায্য করতে কাজ করবে।

"কৃষি নিউ ইয়র্কের অন্যতম অর্থনৈতিক চালিকাশক্তির মধ্যে একটি, এবং স্টেট জুড়ে কৃষকদের সহযোগিতা করার কাজ আমরা চালিয়ে যাব যেহেতু তারা গুণমানসম্পন্ন পণ্য পৌঁছে দেওয়ার জন্য কাজ করেন এবং সাথে সাথে আমাদের সঞ্চিত প্রাকৃতিক সম্পদ সংরক্ষণও করেন", **গভর্নর কুওমো বলেছেন।** "জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই যেমন অব্যাহত আছে, পাশাপাশি দেশকে কৃষি সংক্রান্ত সর্বোৎকৃষ্ট রীতিতে দেশকে পথ দেখানোর জন্য নিউ ইয়র্ক অঙ্গীকারবদ্ধ, সেই রীতি যা পরিশ্রমী কৃষকদের সহায়তা করে এবং পরিবেশ রক্ষা করে।"

"সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আমাদের পানিপথ দূষণমুক্ত ও নিরাপদ করার কাজটি সুনিশ্চিত করা অত্যন্ত জরুরি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "স্টেট জুড়ে খামারের উপরে প্রকল্পগুলিতে এই বিনিয়োগ পানির গুণগত মান বৃদ্ধি এবং সুরক্ষার জন্য সংরক্ষণের প্রয়াসকে সহায়তা করবে। আমরা এ বিষয়টি নিশ্চিত করতে চাই যে, দূষণ প্রতিরোধ করার জন্য এবং অধিবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য দরকারি অর্থসংস্থান যেন কৃষকদের কাছে থাকে।"

স্টেটের এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রামের (Agricultural Nonpoint Source Abatement and Control Program) মাধ্যমে মঞ্জুরীকৃত অর্থের জন্য কৃষকদের পক্ষে দুই ডজনেরও বেশি কাউন্টি মৃত্তিকা এবং পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলি (County Soil and Water

Conservation Districts) আবেদন করেছিল। যেসব প্রকল্পগুলি পরিবেশগত পরিকল্পনায় সহযোগিতা করে অথবা সর্বোৎকৃষ্ট ব্যবস্থাপনা রীতি পদ্ধতির রূপায়ন করে সেইগুলিকে অর্থপ্রদানের কাজ এই কর্মসূচিটি করে থাকে, যেমন কৃষিসার সঞ্চয়ের মাধ্যমে পুষ্টি সংক্রান্ত ব্যবস্থাপনা, পানিরখাত বরাবর গাছপালা-সমৃদ্ধ অঞ্চল, মাটির ক্ষয়রোধী ফসল (কভার ক্রপ) এবং অন্যান্য মৃত্তিকা সংরক্ষণজনিত পদক্ষেপ।

এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম (কৃষি কাজে দূষণের অনির্দিষ্ট স্থানের উৎস হ্রাস এবং নিয়ন্ত্রণ কর্মসূচি) - এর জন্য অনুদানের 24 দফার অর্থ মঞ্জুর করা হয়েছে:

- নর্থ কান্ট্রি: 11টি প্রকল্পের জন্য 4,057,532 ডলার
- সেন্ট্রাল নিউ ইয়র্ক: 11টি প্রকল্পের জন্য 3,406,650 ডলার
- ফিঙ্গার লেকস: 13টি প্রকল্পের জন্য 3,013,527 ডলার
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক: ছয়টি প্রকল্পের জন্য 2,738,209 ডলার
- মোহক ভ্যালি: সাতটি প্রকল্পের জন্য 1,421,801 ডলার
- ক্যাপিটাল রিজিয়ন: দুইটি প্রকল্পের জন্য 893,800 ডলার
- লং আইল্যান্ড: দুইটি প্রকল্পের জন্য 663,786 ডলার
- সাউদার্ন টিয়ার: দুটি প্রকল্পের জন্য 634,175 ডলার

অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলির সম্পূর্ণ তালিকার জন্য অনুগ্রহ করে এখানে দেখুন https://www.agriculture.ny.gov/Press Releases/agnps_r24_project_2018.pdf।

স্টেটের কৃষি কমিশনার (State Agriculture Commissioner) রিচার্ড এ. বল বলেন, "আমাদের কৃষকদের প্রতি তার অব্যাহত সহায়তার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটের প্রাকৃতিক সম্পদ যে আমাদের প্রধান সম্পদগুলির মধ্যে অন্যতম সেই উপলব্ধির ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাই। এই অনুদানপ্রাপ্তিতে আমাদের কাউন্টি মৃত্তিকা এবং পানি সংরক্ষণ (সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন) ডিস্ট্রিক্টগুলিকে এবং খামার কমিউনিটিতে আমাদের সঙ্গীদের আমি অভিনন্দন জানাই, এই অনুদান যা নিউ ইয়র্কের পানিপথ, কৃষি-বাণিজ্য এবং কমিউনিটিগুলির স্বাস্থ্য সুনিশ্চিত করতে সুচিন্তিত পরিকল্পনা ও কঠোর পরিশ্রমকে পুরস্কৃত করে।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনসার্ভেশন (Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেছেন, "পরিষ্কার পানি আমাদের কমিউনিটির স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য এবং একই সাথে নিউ ইয়র্কের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গর্ভনর কুওমোর নেতৃত্বের দ্বারা এবং কাউন্টি মৃত্তিকা এবং পানি সংরক্ষণ (সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন) ডিস্ট্রিক্টগুলির জোরালো সমর্থনের দ্বারা, এই অনুদানগুলি নিউ ইয়র্কের কৃষি সংক্রান্ত কমিউনিটিগুলিকে স্টেট জুড়ে আমাদের পানি সম্পদ সুরক্ষিত রাখতে এবং কৃষিকাজ চালিয়ে যেতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক মৃত্তিকা এবং পানি সংরক্ষণ (সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন) কমিটির চেয়ারম্যান ডেল স্টাইন বলেছেন। "গভর্নর কুওমোর নেতৃত্বের মাধ্যমে কিভাবে নিউ ইয়র্ক স্টেট তাদের খামারের পরিবেশের উন্নতি করতে খামারগুলিকে সাহায্য করছে তার সর্বোত্তম উদাহরণ হলো ননপয়েন্ট সোর্স (কৃষি কাজে দূষণের অনির্দিষ্ট স্থানের উৎস) অনুদান কর্মসূচি। এই দফায় 16 মিলিয়ন ডলারেরও বেশি অনুদানের দ্বারা, তাদের খামারগুলিতে সর্বোৎকৃষ্ট ব্যবস্থাপনা রীতির রূপায়নে সহায়তা করতে 130টিরও বেশি খামার

দাম-ভাগ করে নেওয়া অনুদান পাবে। এই রীতিগুলি ব্যয়বহুল এবং পরবর্তী প্রজন্মগুলির জন্য আমাদের পানি, জমি এবং বাতাস সুরক্ষিত রাখতে এই রীতিগুলির রূপায়ন খুব কম খামারই, এই দাম-ভাগ করে নেওয়া সহায়তা ছাড়া করতে পারত।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেছেন, "নিউ ইয়র্কের কৃষকেরা পরিবেশ সংক্রান্ত ভারসাম্যতা বজায় রাখার ক্ষেত্রে সবাইকে পথ দেখাচ্ছেন এবং যে প্রাকৃতিক সম্পদের উপরে তাদের খামার ও পরিবার প্রতিদিন নির্ভর করে তাকে সুরক্ষিত রাখতে তারা অঙ্গীকারবদ্ধ। আজ গভর্নর যে নতুন প্রকল্পের জন্য অনুদান ঘোষণা করেছেন তা এই লক্ষ্যে সহযোগিতা করবে। পানিপথ সুরক্ষিত রাখতে এবং মাটির স্বাস্থ্যের উন্নতি ঘটানোর জন্য তাদের খামারে সর্বোৎকৃষ্ট ব্যবস্থাপনা রীতি রূপায়ন করতে আরও অনেক বেশি কৃষক এখন সক্ষম হবেন।"

সেনেটর প্যাটি রিচি, সেনেট এগ্রিকালচার কমিটির (Senate Agriculture Committee) প্রধান, বলেছেন, "নিউ ইয়র্কের পরিশ্রমী কৃষকেরা তাদের জমি এবং পরিবেশের জন্য একজন ভালো তত্ত্বাবধায়ক হয়ে ওঠা ছাড়া আর কিছুই চান না। এই বিনিয়োগ তাদের এইসব প্রয়াসকে শক্তিশালী করতে দেবে, যখন একই সাথে ক্ষেতের -তাজা খাবার যা স্টেট জুড়ে খাবার টেবিলে তারা পৌঁছে দেন তার গুণগত মানও উন্নত করবে। এই সহায়তা আগামী বছরগুলিতে কিভাবে নিউ ইয়র্কের কৃষির উন্নতি ঘটায়, আমি তা দেখার অপেক্ষায় রইলাম।"

সেনেটর থমাস ওমারা, সেনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটির (Senate Environmental Conservation Committee) প্রধান, বলেছেন, "কৃষকদের প্রতিযোগী মনোভাবাপন্ন করে তুলতে এবং একই সময়ে জলে মাটি ধুয়ে যাওয়া ও মাটির ক্ষয় হয়ে যাওয়া যা ক্ষতিকারক পানিজ উদ্ভিদ - শ্যাওলা প্রচুর পরিমাণে ফোটার কারণ তা হ্রাস করার মাধ্যমে দীর্ঘ সময়ব্যাপী আমাদের প্রাকৃতিক সম্পদ সুরক্ষিত রাখতে এইগুলি বিচক্ষণ স্টেট জনিত বিনিয়োগ। অত্যাবশ্যক অর্থনৈতিক এবং পরিবেশগত গুণমান সুরক্ষিত রাখার লক্ষ্য পূরণের জন্য স্থানীয় কৃষক এবং স্থানীয় সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলির মধ্যে দীর্ঘস্থায়ী ও সফল অংশীদারিত্বে আমরা বিনিয়োগ করছি।"

অ্যাসেম্বলি সদস্য বিল ম্যাগি, কমিটি অন এগ্রিকালচারের প্রধান, বলেছেন, "অনুদানটি যেন স্টেট জুড়ে আমাদের খামার ও আমাদের কমিউনিটি উভয়পক্ষেরই কাজে লাগে তা গুরুত্বপূর্ণ। এটি পানির গুণগত মানের সুরক্ষাকে নিশ্চিত করবে এবং একই সাথে পরিষ্কার, নিরাপদ পরিবেশ বজায় রাখতে সাহায্য করবে অপরপক্ষে খামারগুলিকে তাজা, স্থানীয় খাবার উৎপাদনে সমর্থ করে তুলতে সহায়তা করবে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ ইংগলব্রাইট, কমিটি অন এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের প্রধান, বলেছেন, "খামারে সর্বোত্তম ব্যবস্থাপনা রীতির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের সময়ে পানির গুণগত মান নিয়ে ভাবনা-চিন্তা করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কৃষকেরা যে ঠিক সেটাই করতে পারবেন তা সুনিশ্চিত করতে এই অনুদান সাহায্য করবে। এইভাবে জমির তত্ত্বাবধান করার মাধ্যমে, আগামী প্রজন্মের জন্য প্রাকৃতিক সম্পদ যেন সুরক্ষিত থাকে তা আমরা নিশ্চিত করতে পারব। এই গুরুত্বপূর্ণ অনুদানের দায়িত্ব গ্রহণের জন্য গভর্নরকে আমি সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্কের কৃষি এবং বাজার বিভাগ (New York Department of Agriculture and Markets) তার জমি এবং পানি শাখা (Land and Water Division) - এর মাধ্যমে এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম (কৃষিজ দূষণের অনির্দিষ্ট স্থানের উৎস হ্রাস এবং নিয়ন্ত্রণ কর্মসূচি) - এর

কার্য পরিচালনা করে, যা ক্ষেত জমির সুরক্ষা, ক্ষেত জমির সংরক্ষণ এবং সক্রিয় পরিবেশ সংক্রান্ত তত্ত্বাবধানের মাধ্যমে নিউ ইয়র্কের জমি এবং পানি সম্পদকে সুরক্ষিত কাজ করে। নিউ ইয়র্ক স্টেট সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন (মৃত্তিকা ও পানি সংরক্ষণ) কমিটির সাথে সমন্বয় সাধনের দ্বারা এই কর্মসূচিটি বিভাগ (ডিপার্টমেন্ট) পরিচালনা করে।

300 মিলিয়ন ডলারের ঐতিহাসিক নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড বা ইপিএফ (Environmental Protection Fund, EPF) - এর মাধ্যমে 2017-18 সালের স্টেট বাজেটে এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম (কৃষিজ দূষণের অনির্দিষ্ট স্থানের উৎস হ্রাস এবং নিয়ন্ত্রণ কর্মসূচি) -টি অনুদানপ্রাপ্ত হয়। 1993 সাল থেকে, নিউ ইয়র্ক রাজ্য এই কর্মসূচিতে আনুমানিক 193 মিলিয়ন ডলার বিশেষভাবে বরাদ্দ করেছে। এই কর্মসূচিটি এগ্রিকালচারাল এনভায়রনমেন্টাল ম্যানেডমেন্ট বা এইএম (Agricultural Environmental Management, AEM) পরিকাঠামোর একটি অংশ হিসেবে কাজ করে, যা কৃষকদের পরিবেশগত তত্ত্বাবধানের উচ্চতর মাত্রা এবং অধিক দক্ষ, ও মূল্য-সাশ্রয়ী কৃষিকাজের পদ্ধতি অর্জন করার ক্ষেত্রে সহায়তা করতে এক ব্যাপক ও বিস্তৃত প্রয়াস।

কাউন্টি মৃত্তিকা এবং পানি সংরক্ষণ ডিস্ট্রিক্টগুলি (সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন ডিস্ট্রিক্স), আগ্রহী কৃষকদের বিজ্ঞানভিত্তিক এবং মূল্য-সাশ্রয়ী সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিকল্পনা ও রূপায়নের বিভিন্ন পর্যায়ের মাধ্যমে সহযোগিতা করতে এগ্রিকালচারাল এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট (AEM) পরিকাঠামো ব্যবহার করে। যার ফলশ্রুতি হিসাবে, কৃষকেরা স্টেটের প্রাকৃতিক সম্পদকে সংরক্ষিত রাখার পাশাপাশি কৃষকেরা ব্যবসায়িক লক্ষ্য পূরণ করতে পারেন।

এগ্রিকালচারাল ননপয়েন্ট সোর্স অ্যাবেটমেন্ট অ্যান্ড কন্ট্রোল প্রোগ্রাম (কৃষিজ দূষণের অনির্দিষ্ট স্থানের উৎস হ্রাস এবং নিয়ন্ত্রণ কর্মসূচি) -টি 2017 এর পরিষ্কার পানির পরিকাঠামো আইন (ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্ট) - এর অধীনে 2.5 বিলিয়ন ডলার যার মধ্যে নিউ ইয়র্ক স্টেটের পশুপালন খামারের উপরে পানির গুণগত মান রূপায়নের জন্য 50 মিলিয়ন ডলারও অন্তর্গত সেসবের মাধ্যমে স্টেট জুড়ে ঐতিহাসিক পানির গুণগত মানের সুরক্ষা প্রদানের জন্য গভর্নরের প্রচেষ্টার উপর ভিত্তি করেও গঠিত হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন